

💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়: বিদ'আত ও বিভক্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ৬. ৫. ২. কাদারিয়্যাহ[1]

কাদারিয়্যাহ (القدرية) শব্দটি 'কাদার' (القدرية) শব্দ থেকে গৃহীত। 'কাদার' অর্থ নির্ধারণ। ইসলামের পরিভাষায় 'কাদার' অর্থ আল্লাহর নির্ধারণ, পূর্ব নির্ধারণ বা তাকদীর। 'কাদারী' অর্থ তাকদীরের সাথে সম্পর্কিত। দল বা ফিরকা অর্থে 'কাদারিয়্যাহ' বলা হয়। অর্থাৎ তাকদীরের সাথে সম্পর্কিত দল বা তাকদীরের সাথে সম্পর্কিত ব্যক্তিগণ। যারা আল্লাহর পূর্ব নির্ধারণ বা তাকদীর অস্বীকার করেন তাদেরকে 'কাদারিয়্যাহ' বলা হয়। প্রথম হিজরী শতকের শেষভাগ থেকে এ মতের উদ্ভব হয়। দ্বিতীয় শতাব্দীতে তা প্রসার লাভ করে। আমরা দেখেছি যে, তাকদীরে বিশ্বাসের অর্থ আল্লাহর অনাদি-অনন্ত সর্বব্যাপী ইলম বা জ্ঞানে বিশ্বাস। অর্থাৎ এ কথা বিশ্বাস করা যে, অনাদি কাল থেকে মহান আল্লাহ বিশ্বের কে, কখন, কোথায়, কিভাবে কি করবে, কি ঘটবে সবই জানেন। তাকদীরে অবিশ্বাস করলে আল্লাহর জ্ঞানেও অবিশ্বাস করতে হয়। এজন্য কাদারিয়্যাহ সম্প্রদায় বিশ্বাস করে যে, মহান আল্লাহ পূর্ব থেকে কিছু জানেন না, বরং যখন যা ঘটে তখন তিনি তা জানেন। উল্লেখ্য যে, মৃতাযিলাগণ কাদারিয়্যাহ ফিরকার সকল মূলনীতি গ্রহণ করে। এজন্য অনেকেই মৃতাযিলা ও

কাদারিয়্যাহ এক ফিরকা বলেই গণ্য করেছেন। পরে আমরা মু'তাযিলাদের বিষয়ে আলোচনা করব, ইনশা আল্লাহ।

ফুটনোট

[1] কাদারিয়্যাহ ফিরকা বিষয়ক তথ্যাদির জন্য দেখুন: বাগদাদী, আল-ফারকু বাইনাল ফিরাক, পৃ. ১১৪-২০২; শাহরাস্তানী, আল-মিলালু ওয়ান নিহাল ১/১৩৯-১৪৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13807

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন